# নির্বাচনে বিএনপি একা, ঐক্যবদ্ধ জামায়াত এগিয়ে: ডা. তাহের


সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মুহাম্মদ তাহের বলেছেন, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি একা হয়ে পড়েছে।

সোমবার (২৯ ডিসেম্বর) কুমিল্লা-১১ আসনে মনোনয়নপত্র জমা দেওয়ার পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ডা. তাহের বলেন, "আওয়ামী লীগ নির্বাচনে অনুপস্থিত থাকায় এবার ঐতিহাসিক এক পরিস্থিতি তৈরি হয়েছে। জামায়াতে ইসলামি ও অন্যান্য ইসলামী দলগুলো এবং জাতীয়তাবাদী দলের কিছু ডানপন্থী অংশ ঐক্যবদ্ধভাবে নির্বাচনে অংশ নিচ্ছে, যা অতীতে দেখা যায়নি।"

তিনি আরও বলেন, "এবারের নির্বাচনে জনগণের মধ্যে ব্যাপক উত্তাল স্রোত তৈরি হবে। মানুষ এই জোটকে বিপুল ভোট দিয়ে সরকার গঠনের সুযোগ করে দেবেন। যারা বলেছিল নির্বাচন হবে না, তাদের ষড়যন্ত্র প্রাথমিকভাবে ব্যর্থ হয়েছে।"

ডা. তাহের আশা প্রকাশ করেন, নির্বাচনের সময় নির্বাচন কমিশন, পুলিশ ও সেনাবাহিনীসহ সকল আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নিরপেক্ষ ভূমিকা পালন করবে। তিনি বলেন, "এর ফলে জনগণ সুশৃঙ্খলভাবে তাদের কাঙ্ক্ষিত ভোট দিতে পারবে এবং দেশের জন্য একটি গুরুত্বপূর্ণ রাজনৈতিক বার্তা পাঠানো হবে।"

LENS ASIA